



আল্লামা মুহাম্মদ সুলতান যওক নদভী (দা.বা.) লিখিত 'আমার জীবন কথা'

লিখেছেন ডক্টর আ ফ ম খালিদ হোসেন ২৮ মে, ২০১৪, ০৭:৫৮:১৪ সন্ধ্যা



আল্লামা মুহাম্মদ সুলতান যওক নদভী (দা.বা.) লিখিত

'আমার জীবন কথা'

লেখক: আল্লামা মুহাম্মদ সুলতান যওক নদভী (দা.বা.)

গ্রন্থের নাম: 'আমার জীবন কথা'

প্রকাশক: নদভী প্রকাশনী, জামেয়া দারুল মা'আরিফ,

চান্দগাঁও, চট্টগ্রাম-৪০০০

প্রথম প্রকাশ: এপ্রিল, ২০১৪

পৃষ্ঠা সংখ্যা: ৩৮৪

বিনিময়: ২০০টাকা মাত্র।

আল্লামা মুহাম্মদ সুলতান যওক নদভী (দা.বা.) বিশ্ব বরণ্য অপ্রতিদ্বন্দ্বী এক ইসলামী চিন্তানায়ক, কথা শিল্পের নিপুন সারথী ও সব্যসাচী লেখক। বিরলপ্রজ মেধা, তীক্ষ্ণ মনীষা ও সৃজনশীলতার বহুমাত্রিকতা তাঁর মহিমাষিত জীবনের অনন্য বৈশিষ্ঠ্য। তিনি একাধারে বুখারী শরীফের শায়খ, প্রাজ্ঞ কবি, আরবী-উর্দুকথা শিল্পী, যশস্বী লেখক, ইসলামী উলূমের জ্যোতির্ময় তারকা বোদ্ধা, আল্লাহর রাহে সমর্পিত এক রহানী সাধক। তিনি আমাদের অহংকার ও গর্বের ধন। তাঁর দীপ্ত চরিত্রের প্রচলিত মোহময়তার চৌম্বক শক্তি যে কোন মানুষকে কাছে টানে, আপন করে নেয়। তাঁর শান্ত, সৌম্য ও নিষ্কলুষ অবয়ব মুহূর্তেই যে কোন সাক্ষাতপ্রার্থীর হৃদয়ে শঙ্কার উদ্বেক করে। সমুদ্রসম ইলম, প্রজ্ঞা ও সজ্জার ধারক হওয়া সত্ত্বেও সহজাত বিনয়, নিরহংকার আচরণ, মার্জিত ব্যবহার, শালীন বাকরীতি হযরত 'যওক' সাহেবের কীর্তি ও খ্যাতির মুকুটে যোগ করেছে কনকশোভা। অক্লান্ত চেষ্টা, প্রাণান্তকর অধ্যবসায়, সময়ের কদর ও উস্তাদের সাথে মধুর সম্পর্ক একজন মানুষকে সফলতায় ভরে দিতে পারে তার প্রকৃষ্ট নযির আল্লামা মুহাম্মদ সুলতান যওক নদভী (দা.বা.)। ৭৫ বছরের বর্ণাঢ্য ও বর্ণালী জীবনের পথ পরিক্রমা, শিক্ষা ও শিক্ষকতার অভিজ্ঞতা, বিদেশ ভ্রমণ ও নানা চড়াই উৎরাইয়ের আনুপূর্বিক বৃত্তান্ত জাতীয় সম্পদ হিসেবে বিবেচিত। দারুল মা'আরিফ আল ইসলামিয়া হযরত 'যওক' সাহেবের জীবনের শ্রেষ্ঠ কীর্তি। দারুল মা'আরিফ আল ইসলামিয়া ও হযরত 'যওক' সাহেব এক অপরের পরিপূরক সম্পূরক।

আত্মজীবনী ইতিহাসের স্বীকৃত উপাদান। জাতীয় ইতিহাস প্রণয়নে এর গুরুত্ব সমধিক। কোন মনীষী যখন নিজের স্মৃতিকথা নিজে লিখেন তখন তা হয় অকাট্য দলিল; অন্য জনে লিখলে প্রমাদগত ভ্রান্তির আশংকা থাকতেই পারে। আল্লামা মুহাম্মদ সুলতান যওক নদভী (দা.বা.) লিখিত 'আমার জীবন কথা'

বাংলা জীবনী সাহিত্যে অমূল্য সংযোজন। ৩৮৪পৃষ্ঠার এ গ্রন্থ ১৭৫টি উপশিরোনামে বিন্যস্ত। গ্রন্থকারের উপস্থাপনা যৌক্তিক, বর্ণনাভঙ্গি প্রাজ্ঞল, শব্দের গাঁথুনি মানানসই। মাঝে মাঝে আরবী, ফার্সী ও উর্দু কবিতার উদ্ধৃতি গ্রন্থটিকে সুখপাঠ্য করেছে। কাগজ উন্নত, ছাপা মনোরম, বাঁধাই যুৎসই তবে প্রচ্ছদটি বেশী আকর্ষণীয় হয়নি। আগামী সংস্করণে চারবর্ণের দৃষ্টিনন্দন প্রচ্ছদের প্রত্যাশা রইল।

বিশিষ্ট লেখক, প্রাক্ত আলিমে দীন ও দারুল মাআরিফ আল ইসলামিয়ার উপপ্রধান পরিচালক আল্লামা মুহাম্মদ ফুরকানুল্লাহ খলীল সাহেব (দা.বা.) লিখিত ১০পৃষ্ঠার 'মুখব্বক' ও দৈনিক ইনকিলাব এর সহকারী সম্পাদক, সময়ের সাহসী কলম যোদ্ধা মাওলানা উবায়দুর রহমান নদভী (দা.বা.) এর ৯পৃষ্ঠার 'অভিমত' উক্ত গ্রন্থটির অমূল্য সংযুক্তি। 'মুখব্বক' ও 'অভিমত' এর ছত্রে ছত্রে রয়েছে পন্ডিতব্রহ্মের জ্ঞান গভীরতা, ভাষা পারঙ্গমতা ও হযরত 'যওক' সাহেবের প্রতি বিনম্র শ্রদ্ধা ও ভক্তির উষ্ণ উদ্ভাস।

'আমার জীবন কথা' প্রতিটি সচেতন মানুষের সংগ্রহে রাখার মত একটি আকর গ্রন্থ। আমি গ্রন্থটির ব্যাপক পাঠকপ্রিয়তা কামনা করি এবং আল্লাহ তায়লার দরবারে প্রার্থনা করি যেন আল্লামা মুহাম্মদ সুলতান যওক নদভী (দা.বা.)-এর পূতাত্মা ও বিশুদ্ধ জীবনের ছায়াকে আমাদের ওপর প্রলম্বিত করেন, আমিন।